যুগান্তর

তারিখ ... 20 MAR 2009
পৃষ্ঠা ... 2 কলাম ... 6

## ৩৮ টিচার্স ট্রেনিং কলেজ বন্ধের নির্দেশনাপত্র প্রত্যাহার

৩৮ বেসরকারি টিচার্স ট্রেনিং কলেজ বন্ধের ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ে দেয়া পত্র শিক্ষা মন্ত্রণালয় প্রত্যাহার করেছে। বিশ্ববিদ্যালয়টির উপাচার্য অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ রোববার বেসরকারি টিচার্স ট্রেনিং কলেজ এসোসিয়েশন নেতৃবৃন্দকে একথা জানিয়েছেন। এসোসিয়েশনের সভাপতি নবী নওয়াজ ও সাধারণ সম্পাদক নাজিরুল ইসলাম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়ে বলা হয়েছে, তারা উপাচার্যের দফতরে সাক্ষাৎ করতে গেলে তিনি আরও জানিয়েছেন, মন্ত্রণালয়ের সিদ্ধান্ত তারা পত্রপত্রিকার মাধ্যমে জেনেছেন। এ ব্যাপারে তাদের কাছ থেকে মতামত নেয়া হয়নি। নেতৃবৃন্দকে উপাচার্য আরও জানান, যেহেতু সরকার পত্র প্রত্যাহার করেছে, তাই বিশ্ববিদ্যালয় এ ব্যাপারে কোন সিদ্ধান্ত নেবে না।